কালের কণ্ঠ

তারিখ 13 AUG 2017
পৃষ্ঠা ৩ কলাম ৩

# আরো চার হাজার শিক্ষার্থীকে বৃত্তি দিল ডাচ্-বাংলা ব্যাংক

নিজস্ব প্রতিবেদক ▷

২০১৭ সালে এসএসসি ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ দেশের বিভিন্ন কলেজে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধ্যয়নরত ৪ হাজার ৩২ জন দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীকে বৃত্তি দিয়েছে ডাচ্-বাংলা ব্যাংক। গতকাল শনিবার ঢাকার মিরপুরে শহীদ সোহরাওয়ার্দী ইনডোর স্টেডিয়ামে বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মাঝে বৃত্তিপত্র বিতরণ করা হয়।

অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃত্তিপত্র বিতরণ করেন। অনুষ্ঠানে ডাচ্-বাংলা ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান সায়েম আহমেদের সভাপতিত্বে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক এবং বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির উপস্থিত ছিলেন।

প্রতিষ্ঠানের সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) কর্মসূচির অংশ হিসেবে ডাচ্-বাংলা ব্যাংক উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে অধ্যয়নরত মেধাবী ও অসচ্ছল ছাত্র-ছাত্রীদের মধ্যে বৃত্তি দিয়ে আসছে। এ পর্যন্ত মোট ৪৭ হাজার ৬৬০ জন শিক্ষার্থী ডাচ্-বাংলা ব্যাংকের বৃত্তির সুযোগ পেয়েছে, যার মধ্যে বর্তমানে বিভিন্ন শিক্ষাস্তরের ১৮ হাজার ১৬৮ জন শিক্ষার্থী বৃত্তির সুযোগ গ্রহণ করছে।

অনুষ্ঠানে ১৯৭৫ সালের ১৫ আগস্টের কালরাতে শাহাদাতবরণকারী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের শাহাদাতবরণকারী সদস্যদের আত্মার মাগফিরাত কামনা করে এক বিশেষ মোনাজাত করা হয়।

প্রধান অতিথির বক্তৃতায় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেন, ডাচ্-বাংলা ব্যাংকের বৃত্তি প্রদানের এই কার্যক্রম খুবই প্রশংসার দাবি রাখে। তারা একটি অত্যন্ত ভালো কাজ করছে। এই বৃত্তি প্রকল্প দেশের দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের কল্যাণে আর্থিক খাতের অনন্য দৃষ্টান্ত।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
উপ. পরিসংখ্যান বিভাগ
উপ. ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর